

পাবনা এডওয়ার্ড কলেজ সঙ্কটে জর্জরিত

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ৪ জুলাই। উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ পাবনা সরকারী এডওয়ার্ড কলেজ ১১৭ বছরে পদার্পণ করলেও কলেজটিতে নানা সঙ্কট দেখা দিয়েছে। দিন দিন কলেজের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পেলেও বাডেনি শিক্ষার সুযোগ-সুবিধা। ফলের দিক থেকে ভাল অবস্থানে থাকলেও আসন, আবাসন, পরিবহন সঙ্কটের মধ্যে চলছে কলেজটির শিক্ষা কার্যক্রম। অধিকন্তু, চলতি বছর থেকে কলেজটিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু করেছে কলেজ প্রশাসন। যা চলমান সঙ্কট আরও বাড়বে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

১৮৯৮ সালের ১ জুলাই প্রতিষ্ঠিত পাবনা সরকারী এডওয়ার্ড কলেজ ১৯৫৪ সালের ১ জুলাই ডিগ্রী পর্যায়ে উন্নীত হয়। ১৯৬৮ সালের ১ মার্চ জাতীয়করণ করা হয়। সময়ের সঙ্গে সঙ্গে বিভাগ ও শিক্ষার্থী সংখ্যা যে হারে বেড়েছে, তার সঙ্গে তাল মিলিয়ে বাডেনি সুযোগ-সুবিধা। কলেজের ওয়েবসাইট থেকে প্রাপ্ত এর তথ্য অনুযায়ী বিষয়ভিত্তিক আসন সংখ্যা রয়েছে - বাংলায় ২২৫টি, ইংরেজীতে ২৩০, দর্শনে ২২০, ইতিহাসে ২৫০, ইসলামের ইতিহাস ও সংস্কৃতিতে ২৪০, অর্থনীতিতে ২৭০, রাষ্ট্রবিজ্ঞানে ২৭০, সমাজবিজ্ঞানে ২৭০, হিসাববিজ্ঞানে ৩০০, ব্যবস্থাপনায় ৩০০, ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং এ

৬৫, মার্কেটিং এ ৬৫, পদার্থ বিজ্ঞানে ১১০, রসায়নে ১৪০, গণিতে ১১০, উদ্ভিদবিদ্যায় ১৬০ ও প্রাণিবিজ্ঞানে ১৩০। আসন সঙ্কট প্রকট থাকায় প্রতি বছর অনেক শিক্ষার্থীই অনার্সে ভর্তি হতে পারেন না। প্রতিটি বিভাগে আসন সংখ্যা কমপক্ষে ৩শ' করা দরকার বলে মনে করছেন শিক্ষকসহ সংশ্লিষ্টরা। বিভিন্ন বিভাগে শিক্ষক সঙ্কটও চরম আকার ধারণ করেছে। কোন কোন বিভাগে মাত্র দুই একজন শিক্ষক কার্যক্রম চালাচ্ছেন। শ্রেণী কক্ষ সঙ্কটে অধিকাংশ বিভাগেই ৩য়, ৪র্থ বর্ষ ও মাস্টার্সের ক্লাস নেয়া সম্ভব হয় না।

একই সঙ্গে বেহাল দশা কলেজের পরিবহন ব্যবস্থার। ২৬ হাজার শিক্ষার্থীর মধ্যে এক হাজারের মতো ছাত্রছাত্রী থাকেন কলেজের ৫টি ছাত্রাবাস ও ছাত্রীনিবাসে। ১১ হাজার শিক্ষার্থী শহরের বিভিন্ন মেসে ও আত্মীয়-স্বজনদের বাসায় থেকে লেপাপড়া করছেন। বাকি ১৪ হাজার ছাত্রছাত্রী প্রতিদিন স্কুলার ৯টি উপজেলা থেকে কলেজ বাস ও পাবলিক বাসে কলেজে যাতায়াত করেন। আর এই বিপুল সংখ্যক শিক্ষার্থীর জন্য রয়েছে মাত্র ৪টি বাস। কলেজের উপাধ্যক্ষ জানান, বর্তমানে আমাদের কলেজে যে সকল সমস্যা রয়েছে তা সম্পর্কে আমরা অবহিত আছি। তবে এসব সমস্যা রাতারাতি সমাধান করা সম্ভব নয়।